

সিটিজেন চার্টারঃ সিটিজেন চার্টার বা সেবা প্রদান প্রতিশ্রুতি হল নাগরিক এবং সেবাদাতাদের মধ্যকার একটি চুক্তি (agreement) যেখানে সেবা প্রদান সংক্রান্ত যাবতীয় বিবরণ ও নির্দেশনা বিবৃত থাকে। এক্ষেত্রে সেবা নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবাকে বুঝায়।

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা এবং এর অধীনস্থ দপ্তরসমূহ কর্তৃক প্রদত্ত সেবাসমূহঃ

নাগরিক সেবাঃ

| ক্রমিক নং | সেবার নাম/প্রকৃতি | সেবা প্রদানকারী কর্তৃপক্ষ/স্থান | সংশ্লিষ্ট বিধি-বিধান | নির্ধারিত সময়সীমা |
|-----------|---|--|---|--|
| ১. | মূল্য সংযোজন কর আইন এর আওতায় নিবন্ধন প্রদান | মূল্য সংযোজন কর বিভাগীয় কর্মকর্তার কার্যালয় | মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-১৫ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি- ৯ | মসক নিবন্ধনের জন্য মূসক ফরম- ৬ এর মাধ্যমে বিভাগীয় কর্মকর্তা বরাবরে আবেদন দাখিল করতে হবে। প্রয়োজনীয় দলিলাদি প্রাপ্তি সাপেক্ষে আবেদন দাখিলের ০২ (দুই) কার্য দিবসের মধ্যে বিভাগীয় কর্মকর্তা নিবন্ধন প্রদান করবেন। |
| ২. | টার্নওভার করের আওতায় তালিকাভুক্তি | মূল্য সংযোজন কর বিভাগীয় কর্মকর্তার কার্যালয় | মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-৮ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি -৪ | টার্নওভার কর তালিকাভুক্তির আবেদন প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে নিষ্পত্তিযোগ্য। |
| ৩. | কুটির শিল্পের আওতায় তালিকাভুক্তি | মূল্য সংযোজন কর বিভাগীয় কর্মকর্তার কার্যালয় | জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং -১৭২/আইন/১৩ /৬৭৬-মূসক, তারিখ : ০৬/০৬/২০১৩ খ্রিঃ অনুযায়ী | সংশ্লিষ্ট প্রজ্ঞাপনের শর্তসমূহ পালন সাপেক্ষে বিভাগীয় কর্মকর্তা প্রয়োজনীয় তদন্তপূর্বক মূসক-৮ এ তালিকাভুক্ত করবেন। |
| ৪. | স্বৈচ্ছা মূসক নিবন্ধনের আবেদন দাখিল | বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট বিভাগীয় কর্মকর্তার কার্যালয়। | মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি - ১০ | যেদিন থেকে কার্যকর করতে ইচ্ছুক তার অনূন ৩০ দিন আগে। |
| ৫. | মূল্য সংযোজন কর নিবন্ধন বাতিলের আবেদন নিষ্পত্তি | মূল্য সংযোজন কর বিভাগীয় কার্যালয়ের বিভাগীয় কর্মকর্তা (সহকারী/ডেপুটি কমিশনার) | মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-১৯ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি-১৫ | সময়সীমা নির্ধারিত নেই। তবে তদন্ত সাপেক্ষে দ্রুততার সাথে আবেদনের বিষয়টি নিষ্পত্তিযোগ্য। |
| ৬. | নিবন্ধন বাতিলের জন্য আবেদন | রাজস্ব কর্মকর্তা, স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় (সার্কেল অফিস) এর সুপারিশের ভিত্তিতে তদন্ত সাপেক্ষে বিভাগীয় কর্মকর্তা অনুমোদন দেবেন। | মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ১৯(১) | ব্যবসার কার্যক্রম বন্ধ করার ১৪ দিনের মধ্যে আবেদন করতে হবে। |
| ৭. | টার্নওভার কর তালিকাভুক্ত প্রতিষ্ঠানের বার্ষিক টার্নওভার ঘোষণা | বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগীয় কর্মকর্তার কার্যালয়। | মূল্য সংযোজন কর বিধিমালা ১৯৯১, এর বিধি ৪(২ক) | প্রতি বছরের প্রথম ৩০ দিনের মধ্যে ঘোষণা প্রদান করতে হবে। |
| ৮. | টার্নওভার কর সংক্রান্ত বার্ষিক ঘোষণা মূসক -২(খ) এর নিষ্পত্তি | বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগীয় কর্মকর্তার কার্যালয়। | মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৪(২ক) | টার্নওভার কর সংক্রান্ত বার্ষিক ঘোষণা ফরম মূসক- ২(খ) তে স্থানীয় মূসক কার্যালয়ে দাখিল করতে হবে। ঘোষণাটি বিভাগীয় কর্মকর্তা কর্তৃক গৃহীত হলে তা পরবর্তী ৩০ কার্যদিবসের মধ্যে নিষ্পত্তিযোগ্য। |
| ৯. | নিবন্ধন সংক্রান্ত তথ্যের পরিবর্তনের জন্য আবেদন/ অবহিতকরণ | রাজস্ব কর্মকর্তা, স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় (সার্কেল অফিস) কর্তৃক তদন্ত সাপেক্ষে বিভাগীয় কর্মকর্তা অনুমোদন দেবেন। | মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা -১৮ ও মূল্য সংযোজন কর বিধিমালা- ১৯১ এর বিধি- ১২ | পরিবর্তন কার্যকর হওয়ার ১৪ দিন আগে অবহিত করতে হবে। |